

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৫.২৫.০০৯.১৭.৯০৩

তারিখঃ ০৫ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ
২১ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ‘অধস্তন আদালত ব্যবস্থাপনা শক্তিশালীকরণে আইন ও বিচার বিভাগের সক্ষমতা বৃদ্ধিকরণ’ প্রকল্পের আওতায় অস্ট্রেলিয়ার ওয়েস্টার্ন সিডনি বিশ্ববিদ্যালয়ে আগামী ১০ নভেম্বর ২০১৯ খ্রিঃ হতে ২৩ নভেম্বর ২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত অনুষ্ঠেয় ১২তম ব্যাচে প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য অপেক্ষমান হিসেবে কর্মকর্তা মনোনয়ন প্রদান।

সূত্র : (১) স্মারক নং ১০.০০.০০০০.১২৫.২৫.০০৯.১৭.৮৭১, তারিখ : ০৭/১০/২০১৯ খ্রিঃ, বিচার শাখা-১।
(২) স্মারক নং ১০.০০.০০০০.১২৫.২৫.০০৯.১৭.৮৭২, তারিখ : ০৭/১০/২০১৯ খ্রিঃ, বিচার শাখা-১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ‘অধস্তন আদালত ব্যবস্থাপনা শক্তিশালীকরণে আইন ও বিচার বিভাগের সক্ষমতা বৃদ্ধিকরণ’ প্রকল্পের আওতায় অস্ট্রেলিয়ার ওয়েস্টার্ন সিডনি বিশ্ববিদ্যালয়ে আগামী ১০ নভেম্বর ২০১৯ খ্রিঃ হতে ২৩ নভেম্বর ২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত অনুষ্ঠেয় ১২তম ব্যাচে প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য অপেক্ষমান হিসেবে মনোনীত কর্মকর্তা বেগম স্নিদ্ধা রানী চক্রবর্তী, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রংপুর এর স্থলে নিম্নবর্ণিত কর্মকর্তার অনুকূলে নিম্নলিখিত শর্তে সরকারের অনুমোদন জ্ঞাপন করা হলো :


ক্রমিক	নাম	পদবি ও কর্মস্থল
১.	জনাব রেজাউল করিম চৌধুরী	চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নওগাঁ

শর্তসমূহঃ

- সূত্রোক্ত ১নং স্মারকমূলে জারীকৃত আদেশে বর্ণিত কর্মকর্তাগণের মধ্যে কোন কর্মকর্তা প্রশিক্ষণে অংশগ্রহণ করতে ব্যর্থ হলে অপেক্ষমান তালিকার কর্মকর্তাগণ ক্রমানুসারে বর্ণিত প্রশিক্ষণে অংশগ্রহণ করবেন;
- অপেক্ষমান তালিকার উপরিবর্ণিত কর্মকর্তাগণ বর্ণিত প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ না পেলে আবশ্যিকভাবে অস্ট্রেলিয়ায় অনুষ্ঠেয় পরবর্তী ২(দুই) সপ্তাহ মেয়াদী প্রশিক্ষণ কোর্সের জন্য মনোনীত হবেন;
- প্রশিক্ষণ কোর্সের ব্যয়িত সময় (ট্রেনজিটসহ) কর্তব্যরত হিসেবে গণ্য হবে;
- প্রশিক্ষণ কোর্সের যাবতীয় ব্যয়ভার ‘অধস্তন আদালত ব্যবস্থাপনা শক্তিশালীকরণে আইন ও বিচার বিভাগের সক্ষমতা বৃদ্ধিকরণ’ প্রকল্প হতে বহন করা হবে;
- উপরিবর্ণিত কর্মকর্তাগণকে উক্ত কোর্স সমাপনান্তে কোর্স লব্ধ জ্ঞান ও অভিজ্ঞতা সম্পর্কে একটি প্রতিবেদন এবং কোর্স সমাপনী সার্টিফিকেটের কপি ১০ (দশ) দিনের মধ্যে প্রকল্প পরিচালক বরাবর দাখিল করতে হবে।

২। এ শাখার বিগত ০৭/১০/২০১৯ খ্রিঃ তারিখের ১০.০০.০০০০.১২৫.২৫.০০৯.১৭.৮৭২ নম্বর স্মারকের আদেশ হতে বেগম স্নিদ্ধা রানী চক্রবর্তী, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রংপুর এর নাম এতদ্বারা কর্তন করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৪৫৪৩১।

প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়,
হিসাব ভবন, ৫ম তলা, কক্ষ নং ৫০৩, সেগুনবাগিচা, ঢাকা।

নং-১০.০০.০০০০.১২৫.২৫.০০৯.১৭.৯০৩/১(২৫)

তারিখঃ ০৫ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ
২১ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

- ০১। সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (নোট ভারবাল ইস্যুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ০৪। H.E. High Commissioner, Australian High Commission in Bangladesh, 184, Gulshan, Dhaka.
- ০৫। H.E. High Commissioner, Bangladesh High Commission in Australia, 57 Culgoa Circuit O'Malley, ACT, 2606, Canberra, Australia.
- ০৬। Professor Yi-Chen Lan, Pro Vice-Chancellor, Global Development, Western Sydney University, Australia.
- ০৭। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ০৮। জেলা ও দায়রা জজ, নওগাঁ।
- ০৯। প্রকল্প পরিচালক, 'অধস্তন আদালত ব্যবস্থাপনা শক্তিশালীকরণে আইন ও বিচার বিভাগের সক্ষমতা বৃদ্ধিকরণ' প্রকল্প, আইন ও বিচার বিভাগ।
- ১০। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নওগাঁ/রংপুর।
- ১১। মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ১২। নিয়ন্ত্রক, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ১৩। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৩/৫/বাজেট, আইন ও বিচার বিভাগ।
- ১৪। পরিচালক, বহির্গমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
[বিধি মোতাবেক তাঁর অনুকূলে পাসপোর্ট ইস্যুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]।
- ১৫। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ১৬। সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ১৭। পরিচালক, হযরত শাহজালাল (রহঃ) আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ১৮। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল (রহঃ) আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ১৯। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,
- ২০। হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ২১। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ২২। যুগ্মসচিব (প্রশাসন-১/২)/উপসচিব (প্রশাসন-১/২) এর ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
- ২৩। গার্ড ফাইল।
- ২৪। অফিস কপি।
- ২৫। জনাব/বেগম

৪৮৮
২১/১০/১৯
(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব।